শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

উপজেলা পরিষদ কার্যালয়
তাহিরপুর, সুনামগঞ্জ।

জানয়ারী/২০২১মাসে অনুষ্ঠিত পঞ্চম উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ
সভাপতি ঃ জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
তারিখ ঃ ৩১-০১-২০২১ সময় ঃ বেলা-১২.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ তাহিরপুর, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত, অনুপস্থিত সদস্যগণ ও কর্মকর্তাদের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট "ক"তে স্বাক্ষরের ক্রমানুসারে প্রদর্শিত হলো। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তাহিরপুর উপজেলার পরিষদের মাসিক নিয়মিত সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কর্তৃক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন ও মিশন কার্যকরের লক্ষে দুই হাজার একচল্লিশ সালের মধ্যে সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন করার জন্য পরস্পরের সহযোগিতা কামনা করেন এবং নিজ নিজ দায়িত্ব কর্তব্য পালনে সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নির্ধারিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচনা ঃ** বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে এতে সংশোধনী / সংযোজনী / পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার জন্য সভায় একমত পোষণ করা হয়।
সিদ্ধান্ত ঃ বিগত সভার কার্যবিবরণীতে সংশোধনী / সংযোজনী / পরিবর্তন না থাকায় তা সর্বসম্মিতক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
বাস্তবায়ন ঃ সংশ্লিষ্ট সকল।

**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরেরর কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ওপরিবার পরিকল্পনা কর্মকর্তা,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।
**সিদ্ধান্ত ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরেরর কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য ও অনুপস্থিতির কারণ দর্শানোর জন্য উপজেলা স্বাস্থ্য ওপরিবার পরিকল্পনা কর্মকর্তা,তাহিরপুরকে দৃষ্টি আকর্ষণ করা হয়।

০২। সমগ্র বিশ্বে মহামারী কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে মেডিকেল টিমের কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। তাছাড়া করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে জনসাধারণকে বিভিন্ন ভাবে আরো সচেতন করে তুলতে হবে । কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমণ পরিস্থিতিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত রোগীদের সামাজিক দূরত্ব/স্বাস্থ্য বিধি মেনে চিকিৎসা প্রদান করতে হবে, এ বিষয়ে কোন প্রকার গাফিলতি বা শৈথিল্যা না করার জন্য অনুরোধ জানানো হয়।

০৩। জনসাধারণকে সেবা দেওয়ার লক্ষ্যে দায়িত্বরত ডাক্তার ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সরকারী বিধি অনুয়ায়ী উপস্থিতি নিশ্চিত করনসহ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করার জন্য এবং কর্তব্য পালনে ব্যর্থতায় দায়িদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। একই সাথে চিকিৎসা সেবা প্রদানে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সুরক্ষার বিষয়ে যত্নবান থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর, সংশ্লিষ্ট সকল।

**কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি অফিসার তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকল একমত পোষণ করেন।



CamScanner

**সিদ্ধান্ত ঃ** দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। তাছাড়া মাঠ পর্যায়ে বর্তমান মৌসুমে সংশ্লিষ্ট কৃষকদেরকে নিয়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ সঠিক ভাবে ফসল রোপন/ কর্তনের জন্য যাবতীয় কার্যক্রম বিধি বিধান অনুসরণ করে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপজেলা কৃষি অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ।

**প্রাণি সম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর প্রতিনিধি সভায় জানান যে, জনবল সংকট থাকার ফলে দাপ্তরিক কার্যক্রম কিছুটা ব্যহৃত হচ্ছে। তিনি সভায় আরও জানান প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণের মাধ্যমে ঘাস চাষে কৃষকদের মনোযোগী করে তোলা হচ্ছে। খামারীদের গবাদি পশু ও হাঁস মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে।

**সিদ্ধান্ত ঃ** প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ , এবং মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখা। প্রশিক্ষনের মাধ্যমে ঘাস চাষে কৃষকদের মনোযোগী করে তোলা, এবং খামারীদের গবাদি পশু ও হাঁস মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা উপজেলা প্রাণি সম্পদ অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

**মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য অফিসারের তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য ও অনুপস্থিতির কারণ দর্শানোর জন্য উপজেলা মৎস্য অফিসার তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** উপজেলা মৎস্য অফিসারের তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য ও অনুপস্থিতির কারণ দর্শানোর জন্য উপজেলা মৎস্য অফিসার তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা মৎস্য অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ।

**শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা অফিসার প্রতিনিধি তাহিরপুর, সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ (সংশ্লিষ্ট সকল)।

**প্রকৌশলী বিভাগ ঃ** উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। সভায় আলোচনা করা হয় যে, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সরকারি বিভাগীয় অফিস প্রধানগণ এবং সংশ্লিষ্ট সকলের নিকট হতে ২০২০-২০২১ অর্থ বছরের এডিপির প্রকল্প পাওয়া গিয়াছে। প্রাপ্ত প্রকল্পগুলো উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটির মাধ্যমে অনুমোদন করা হয়। উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটির অনুমোদনকৃত তালিকা উপজেলা প্রকৌশলী এলজিইডি তাহিরপুর সভায় উপস্থাপন করেন । উপস্থাপিত প্রকল্পগুলো কোটেশন কমিটি, প্রকল্প বাস্তববায়ন কমিটি ও টেন্ডারেরর মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় আলোচনা করা হয়। প্রকল্প গুলোর তালিকা নিম্নে পরিশিষ্ট খ,গ,ও ঘ এ দেওয়া হলো।

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সরকারি বিভাগীয় অফিস প্রধানগণ এবং সংশ্লিষ্ট সকলের নিকট হতে ২০২০-২০২১ অর্থ বছরের এডিপির প্রাপ্ত প্রকল্পগুলো উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটির অনুমোদনকৃত তালিকা বরাদ্দ সাপেক্ষে কোটেশন কমিটি, প্রকল্প বাস্তবায়ন কমিটি ও টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য ও বিল পরিশোধ করার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। প্রকল্পের তালিকা নিম্নে পরিশিষ্ট খ,গ,ও ঘ এ দেওয়া হলো।

**বাস্তবায়নে ঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাহিরপুর ও সংশ্লিষ্ট সকল।



CamScanner

**পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সভায় অবহিত করেন দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় আরও জানান সক্ষম দম্পত্তির সংখ্যা নভেম্বর/২০২০ মাসে ৩৭৪৯৩ জন ও ডিসেম্বর/২০২০ মাসে ৩৭৪৫০ জন এবং মোট পদ্ধতি গ্রহণকারী নভে/২০২০ মাসে ২৯২২৬ জন, ডিসেম্বর/২০২০, ২৯২০২২ জন, সিএ আর নভে/২০২০ মাসে ৭৯৫%, ও ডিসেম্বর/২০২০ মাসে ৭৭.৯৮%। স্থায়ী পদ্ধতি জানু/২০২১ মাসে ০৭ জন,জানু/২০২১-ইমপ্লান্ট-৮৮ জন,আই.ইউ.ডি নভে/২০২০-০,ডিসে/২০২০-০১ (এক) জন, নভে/২০২০ মাসে ইনজেকশন-৩৪ জন,ডিসে/২০২০ মাসে ৩৩ জন, মোট গর্ভবর্তী নভে/২০২০মাসে -৯৪৪ জন, ডিসে/২০২০ মাসে ১০৩২ তাছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে সভাপতি সভায় অবহিত করেন যে, মাঠ পর্যায়ে যে সকল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র রয়েছে সে সকল কেন্দ্রে নিয়মিত মনিটরিং করার জন্য এবং স্থায়ী পদ্ধতির বিষয়ে মাঠ পর্যায়ে জন সাধারণকে আরও উৎসাহী করে তোলতে হবে। কভিড-১৯ করোনা ভাইরাস সংক্রামণ প্রতিরোধ বিষয়ে জনসমাগম সচেতনাতা বৃদ্ধি করতে হবে। স্বাস্থ বিধি মেনে স্বাস্থসেবা নিশ্চত করতে হবে।

০২। জনসংখ্যা হ্রাসের লক্ষ্যে প্রয়োজনীয় জন্ম বিরতিকরণসহ আরও অন্যান্য স্থায়ী পদ্ধতি ব্যবহারের জন্য মাঠ পর্যায়ে কার্যক্রম জোরদার করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার তাহিরপুরকে অনুরোধ করা হয়।

০৩। অত্র উপজেলার যে সকল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র রয়েছে সে সকল কেন্দ্র নিয়মিত দর্শন/ পরিদর্শন করে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা পরিবার পরিকল্পা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

**সমাজসেবা বিভাগ ঃ** উপজেলা সমাজসেবা অফিসার তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালো ভাবে চলছে ।

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে উপজেলা সমাজসেবা অফিসার তাহিরপুকে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।

০২। বিভিন্ন প্রকার ভাতা ভোগীদেরকে কোন প্রকার হয়রানী করা যাবেনা সঠিক সময়ে তাদের ভাতা বিতরণ করতে হবে যদি এ বিষয়ে কোন প্রকার গাফিলতি পাওয়া যায় তবে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**বাস্তবায়নে ঃ** উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ ।

**মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমণের কারণে সরকারি ভাবে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। বিকল্প ভাবে অনলাইনের মাধ্যমে ক্লাশ পরিচালনার মাধ্যমে পাঠদান অব্যাহত রাখার জন্য উদ্যোগ গ্রহণ করা হচ্ছে মর্মে সভায় অবহিত করেন।

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে কভিড-১৯,করোনা ভাইরাস সংক্রমণের কারণে সরকারি ভাবে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। বিকল্প ভাবে অনলাইনের প্রক্রিয়ায় ক্লাশ পরিচালনার মাধ্যমে পাঠদান অব্যাহত রাখার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

**সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর সভার অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারণ দর্শানোর জন্য উপজেলা সমবায় অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর সভার অনুপস্থিতি থাকায় তার দপ্তরের ককার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারণ দর্শানোর জন্য উপজেলা সমবায় অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপজেলা সমবায় অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ।

**যুব উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত ন্যাশনাল সার্ভিস কর্মসুচির আওতায় অস্থায়ী কর্মসংস্থানের



CamScanner

জন্য সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার আগ্রহী যুবক ও যুব মহিলাদের নিকট হতে ৫৬৮ টি আবেদন পাওয়া যায়। প্রাপ্ত আবেদনের আলোকে যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে।

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত ন্যাশনাল সার্ভিস কর্মসুচির আওতায় অস্থায়ী কর্মসংস্থানের জন্য সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার আগ্রহী যুবক ও যুব মহিলাদের নিকট হতে ৫৬৮ টি আবেদন পাওয়া যায়। প্রাপ্ত আবেদনের আলোকে যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে বিধি মোতাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুর,সুনামগঞ্জ।

**জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কূর্তক চলমান কাজগুলোর মধ্যে বোড়খারা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের কাজ সমাপ্ত হয়েছে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক হাওর বাংলা প্রকল্প হতে মোট ইমপ্রুভ টয়লেট বাবদ মোট ২১ টি, ১৮২ টি টিউবওয়েল ববরাদ্দ পাওয়া যায়। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে ১৮২টি টিউবওয়েল ও হাওড় বাংলা প্রকল্প হতে ২১ টি ইমপ্রুভ টয়লেট মাননীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ ০১ এ উপজেলা পরিষদের সংশ্লিষ্ট সকল সদস্যদের মধ্যে বিভাজন করা হয়। এ বিষয়ে দ্রুত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা উপ-সহকারী প্রকককৌশলী জনস্বাস্থ্য, তাহিরপুরের ৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য তাহিরপুর, সুনামগঞ্জ।

**প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, প্রতিনিধি তাহিরপুর, সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কাবিটা কর্মসূচির আওতায় ১ম পর্যায় বরাদ্দ প্রাপ্ত পাওয়া যায়। বরাদ্দের আলোকে সংশ্লিষ্ট সকলকের নিকট হতে প্রকল্প তালিকা পাওয়া যায়। যাহা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, সুনামগঞ্জ বরাবরে প্রেরণ করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্তা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হল।

**বাস্তবায়ন ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

**পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাহিরপুর,সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি ফলে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে উপজেলা পরিষদের আগামী সভায় উপস্থিত থেকে তার কারণ দর্শানোর জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাহিরপুর,সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি ফলে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে উপজেলা পরিষদের আগামী সভায় উপস্থিত থেকে তার কারণ দর্শানোর জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়ন ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ।

**মহিলা বিষয়ক বিভাগ ঃ** উপজেলা মহিলা বিষয়ক অফিসার তাহিরপুর, সভায় অবহিত করেন যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। ভিজিডি কর্মসুচীর আওতায় ২০২০-২০২১ অর্থবছরের তালিকা অনুমোদন করা হহয়েছে। ভিজিডি-জানুয়ারী-২০২১ হতে জুন/২০২১ পপর্যন্ত মোট ০৬ (ছয়) মাসের বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দ হতে জানু/০২১ মাসের ডিও ছাড় করা হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে ভিজিডি কর্মসুচীর আওতায় ২০২০-২০২১ অর্থবছরের অনুমোদনকৃত তালিকা অনুসারে সুষ্ঠভাবে বিতরণ কার্যক্রম পরিচালনা করার জন উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

**আনসার ভিডিপি বিভাগ ঃ** উপজেলা আনসার ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুর, সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি ফলে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে উপজেলা পরিষদের আগামী সভায় উপস্থিত থেকে তার কারণ দর্শানোর জন্য উপজেলা আনসার ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।



CamScanner

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে উপজেলা আনসার ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুর, সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি ফলে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে উপজেলা পরিষদের আগামী সভায় উপস্থিত থেকে তার কারণ দর্শানোর জন্য উপজেলা আনসার ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।
**বাস্তবায়ন ঃ** উপজেলা আনসার ভিডিপি অফিসার ( ভারপ্রাপ্ত), তাহিরপুর, সুনামগঞ্জ।

**আমার বাড়ি আমার খামার প্রকল্প ঃ** উপজেলা আমার বাড়ি, আমার খামার প্রকল্প অফিসার, তাহিরপুর, সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।
**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে দাপ্তরিক সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথ ভাবে পরিচালনা করার জন্য উপজেলা, আমার বাড়ি, আমার খামার প্রকল্প অফিসার তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। এ বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।
**বাস্তবায়নে ঃ** সংশ্লিষ্ট সকল, তাহিরপুর, সুনামগঞ্জ।

**মহান বিজয় দিবসের আপ্যায়ন ও উপজেলা পরিষদের আনুষাংঙ্গিক ও আপ্যায়ন ব্যয় বিল সংক্রান্ত ঃ** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মহান বিজয় দিবস ২০২০খ্রি, উদযাপন উপলক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করা হয়। ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ব্যয় ভাউচার সঠিক থাকায় এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। তাছাড়া সভায় আরও আলোচনা করা হয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকার সংশোধিত ২০২০ এর অনুচ্ছেদ ০৩ (জ) এ উপজেলা পরিষদের আপ্যায়ন ব্যয় বাবদ সর্বোর্চ্চ ৩০,০০০/-( ত্রিশ হাজার) টাকা এবং অনুচ্ছেদ ০৩ (ঝ) এ আনুসাংঙ্গিক সর্বোর্চ্চ ৫০০০/- (পাচ হাজার) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। নির্দেশনার আলোকে ২০২০-২০২১ অর্থ বছরের আপ্যায়ন ব্যয় বিল নভেম্বর/২০২০ মাসে ২৯,১৪০/-(উনত্রিশ হাজার একশত চল্লিশ) টাকা ব্যয় করা হয়। আনুসাংঙ্গিক ব্যয় বিল নভেম্বর/-২০২০ মাসে ৪০৭৪/- (চার হাজার চুয়াত্তর ) টাকা, ব্যয় করা হয়।

**সিদ্ধান্ত ঃ** মহান বিজয় দিবস ২০২০খ্রি, উদযাপন উপলক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ব্যয় ভাউচার সঠিক থাকায় উক্ত ব্যয় বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বস্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুষাংঙ্গি ব্যয় বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকার আলোকে যথাযথ ভাবে ব্যয় করায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।
**বাস্তবায়নে ঃ** উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর।

**বিবিধ আলোচনা ঃ** কভিড-১৯,সমগ্র বিশ্বে মহামারী করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে চেয়ারম্যান উপজেলা পরিষদ, তাহিরপুর ও উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় সকলকে অবহিত করেন যে, জনসমাগম বন্ধ রাখতে হবে সরকারি আদেশ নির্দেশ মেনে দোকানপাট খোলা রাখতে হবে তাছাড়া জরুরী প্রয়োজন ব্যতিত ঘর হতে বাহির না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। জনসাধারনগণকে সেবা দেওয়ার নিশ্চিত কল্পে ঔষধের দোকান খোলা রাখতে হবে এবং বাহির হলে মাস্ক ব্যবহার করতে হবে। বিভিন্ন বাজারে ও রাস্তঘাটে প্রয়োজন ব্যতিত জনসমাগম চলাচল বন্ধ রাখতে হবে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে দৃষ্টি রাখার জন্য সভায় অবহিত করেন । তাছাড়া অত্র উপজেলা করোনা রোগীর কোন প্রকার উপসর্গ দেখা দিলে বা বিদেশ হতে আগত লোকজনের কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষনিক ভাবে উপজেলা প্রশাসন ও অফিসার ইনর্চাজ,তাহিরপুর থানাকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** কভিড-১৯,সমগ্র বিশ্বে মহামারী করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে জনসমাগম বন্ধ রাখতে হবে। সরকারি আদেশ নির্দেশ মেনে দোকানপাট খোলা রাখতে হবে । তাছাড়া জরুরী প্রয়োজন ব্যতিত ঘর হতে বাহির না হওয়ার জন্য বাহির হলে মাস্ক ব্যবহার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

২। বিভিন্ন বাজারে ও রাস্তঘাটে প্রয়োজন ব্যতিত জনসমাগম চলাচল বন্ধ রাখতে হবে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে দৃষ্টি রাখতে হবে। তাছাড়া অত্র উপজেলায় করোনা রোগীর কোন প্রকার উপসর্গ দেখা দিলে বা বিদেশ হতে আগত লোকজনের কোন তথ্য পাওয়া গেলে উপজেলা প্রশাসন ও অফিসার ইনচার্জ তাহিরপুর থানাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

**বাস্তবায়নে ঃ** উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর,অফিসার ইনর্চাজ, তাহিরপুর থনা (সংশ্লিষ্ট সকল),সুনামগঞ্জ।



CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে মহামারী করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে সামাজিক দুরত্ব/ স্বাস্থ্য বিধি মেনে চলার অনুরোধ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(করুনা সিন্ধু চৌধূরী বাবুল) ৩১/০২/২০২১
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,তাহিরপুর,সুনামগঞ্জ
ও
সভাপতি উপজেলা পরিষদের নিয়মিত মাসিক সভা

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.১৯.০২(৫০) তারিখ: ১১ ফেব্রুয়ারী২০২১খ্রি.

সদয় অবগতি / প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ-০১ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার বিভাগ,সুনামগঞ্জ।
০৭। পুলিশ সুপার, সুনামগঞ্জ
০৮। সিভিল সার্জন, সুনামগঞ্জ।
০৯।.................................................................................................(জেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকল), সুনামগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ

১০। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
১১। উপজেলা.................................................কমর্কর্তা (সংশ্লিষ্ট সকল)তাহিরপুর,সুনামগঞ্জ।
১২। চেয়ারম্যান, ............................................ইউনিয়ন পরিষদ (সকল) তাহিরপুর,সুনামগঞ্জ।
১৩। জনাব.................................................(সংশ্লিষ্ট সকল)তাহিরপুর,সুনামগঞ্জ।
১৪। অফিস নথি/ মাস্টার ফাইল।

( পদ্মাসন সিংহ )
উপজেলা নিবার্হী অফিসার
তাহিরপুর, সুনামগঞ্জ
Email:unotahirpur@mopa.gov.bd



CamScanner

# পরিশিষ্ট "খ"

২০২০-২০২১ইং অর্থ বছরে এডিপি'র আওতায় বিভিন্ন ইউনিয়ন হতে প্রাপ্ত স্কীমের তালিকাঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রক্কলিত মূল্য | বাস্তবায়নের পদ্ধতি |
|---|---|---|---|
| | | | |
| ১ | তাহিরপুর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে ১৯ট টিউবওয়েল সরবরাহ | ৯৫০০০০.০০ | কোটেশন |
| ২ | তাহিরপুর উপজেলায় ৩০টি সেলাই মেশিন ও বিভিন্ন শিক্ষা (ক্রিকেট সামগ্রী) প্রতিষ্ঠানে খেলাধোলা সামগ্রী সরবরাহ | ৫০০০০০.০০ | কোটেশন |
| ৩ | তাহিরপুর উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৯৫ জোড়া বেঞ্চ সরবরাহ | ১০০০০০০.০০ | কোটেশন |
| ৪ | তাহিরপুর উপজেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে খেলাধোলা সামগ্রী সরবরাহ | ৪৫০০০০.০০ | কোটেশন |
| ৫ | ২০২০-২০২১ইং অর্থ বৎসরের এডিপির আওতায় সার্ভে/তদারকী ও আনুষাঙ্গিক ব্যয়। | ১৯২০০০.০০ | |
| | সর্বমোট= | ৩০৯২০০০.০০ | |

মোঃ ইকবাল কবীর
উপজেলা প্রকৌশলী
তাহিরপুর, সুনামগঞ্জ

উপজেলা নির্বাহী অফিসার
তাহিরপুর, সুনামগঞ্জ।

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ

CamScanner

# পরিশিষ্ট "গ"

২০২০-২০২১ইং অর্থ বছরে এডিপি'র আওতায় বিভিন্ন ইউনিয়ন হইতে প্রা   স্কীমের তালিকাঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রকল্প মূল্য | বাস্তবায়নের পদ্ধতি |
|---|---|---|---|
| | **শ্রীপুর উত্তর ইউনিয়ন** | | |
| ১ | বালিয়াঘাট নতুন বাজারের ঘাটলা মেরামত | ২০০০০০.০০ | পিআইসি |
| | উপ-মোটঃ | **২০০০০০.০০** | |
| | **শ্রীপুর দক্ষিণ ইউনিয়ন** | | |
| ২ | শ্রীপুর (দঃ ) ইউনিয়নের বিভিন্ন গ্রামের গরীব বেকার মহিলাদের জন্য সেলাই মেশিন সরবরাহ। | ২০০০০০.০০ | পিআইসি |
| | উপ-মোটঃ | **২০০০০০.০০** | |
| | **বড়দল দক্ষিণ ইউনিয়ন** | | |
| ৩ | কাউকান্দি বাজার জামেয়া ইসলামীয়া মদ্রাসা সংস্কার । | ২০০০০০.০০ | পিআইসি |
| | উপ-মোটঃ | **২০০০০০.০০** | |
| | **বড়দল উত্তর ইউনিয়ন** | | |
| ৪ | গোটিলা নোয়াগাঁও ছাত্তারের বাড়ির নিকট ১টি কালভার্ট নির্মাণ | ২০০০০০.০০ | পিআইসি |
| ৫ | মাহারাম ব্রীজের প্রোটেকশান ওয়াল নির্মাণ | ২০০০০০.০০ | পিআইসি |
| | উপ-মোটঃ | **৪০০০০০.০০** | |
| | **বাদাঘাট ইউনিয়ন** | | |
| ৬ | বাদাঘাট জয়নাল আবেদীন গার্লস উচ্চ বিদ্যালয়ের দেয়াল নির্মাণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| | উপ-মোটঃ | **২০০০০০.০০** | |
| | **তাহিরপুর ইউনিয়ন** | | |
| ৭ | তাহিরপুর সদর ইউনিয়ন পরিষদের গ্রীল স্থাপন। | ২০০০০০.০০ | পিআইসি |
| | উপ-মোটঃ | **২০০০০০.০০** | |
| | **বালিজুরি ইউনিয়ন** | | |
| ৮ | পুরানবারুস্কা সিএন্ডবি রাস্তা হইতে আব্দুল জহুর তালুকদারের জমি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা পাকাকরন | ২০০০০০.০০ | পিআইসি |
| | উপ-মোটঃ | **২০০০০০.০০** | |
| | **বিবিধ প্রকল্প** | | |
| ৯ | বড়ছড়া জয় বাংলা বাজারের ০১ নং রোডের সিসি দাবারা ঢালাই। | ২০০০০০.০০ | পিআইসি |
| ১০ | দক্ষিণ বড়দল ইউনিয়নের মকবুল মিয়ার বাড়ির সামনে ০১টি কালর্ভাট নির্মাণ | ২০০০০০.০০ | পিআইসি |
| ১১ | উপজেলা পরিষদ ভবন (মেইন ভবন) মেরামত | ২০০০০০.০০ | পিআইসি |
| ১২ | তাহিরপুর উপজেলায় গরিব বেকার মহিলাদের মাঝে সেলাই মেশিন সরবরাহ | ১,৭০,০০০.০০ | পিআইসি |
| ১৩ | টেকেরঘাট আতাউর রহমান মাষ্টারের বাড়ীর সামনে মেইন রোডের পাশে ১টি কালর্ভাট নির্মাণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| ১৪ | কলাগাঁও ফেরীঘাটের খালে ১টি কালর্ভাট নির্মাণ। | ২,০০,০০০.০০ | পিআইসি |
| ১৫ | কাউকান্দি বড়ঘোপাটের মাথায় ১টি কালর্ভাট নির্মাণ। | ২,০০,০০০.০০ | পিআইসি |
| | উপ-মোটঃ | **১৩৭০০০০.০০** | |
| | সর্বমোটঃ | **২৯৭০০০০.০০** | |

মোঃ ইকবাল কবীর
উপজেলা প্রকৌশলী
তাহিরপুর, সুনামগঞ্জ

উপজেলা নির্বাহী অফিসার
তাহিরপুর, সুনামগঞ্জ।

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ

CamScanner

# পরিশিষ্ট "গ"

২০২০-২০২১ইং অর্থ বছরে এডিপি'র আওতায় বিভিন্ন ইউনিয়ন হতে প্রাপ্ত স্কীমের তালিকাঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | চুক্তি মূল্য | বাস্তবায়নের পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১ | ক) বড়দল উত্তর ইউনিয়নের আকবরের বাড়ির সম্মুখ হতে মাষ্টার হাজীর বাড়ি পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন।<br>(খ) বাদাঘাট জয়নাল আবেদীন গার্লস উচ্চ বিদ্যালয়ের সামনের রাস্তা নির্মাণ। | ২৫০০০০০.০০ | ২৩৭৫০০০.০০ | টেন্ডার |
| ২ | (ক) বড়দল উত্তর ইউনিয়নের বিভিন্ন গ্রামে ১৮টি নলকূপ স্থাপন।<br>(খ) বাদাঘাট ইউনিয়নের আবুল কালাম সাহেবের বাড়ির সামনের রাস্তার ভাঙ্গায় কালর্ভাট নির্মাণ।<br>(গ) বাদাঘাট ইউনিয়ন বাদাঘাট রোড হতে ভোলাকালী সঃপ্রাঃবিঃ পর্যন্ত রাস্তা সিসি করন। | ১৫০০০০০.০০ | ১৪২৫০০০.০০ | টেন্ডার |
| ৩ | (ক) শ্রীপুর গ্রামের নিজাম উদ্দিনের বাড়ির সংলগ্ন বৌলাই নদীর পাড়ে ঘাটলা নির্মাণ।<br>(খ) কামারকান্দি এলজিইডি রাস্তা থেকে এনামুলের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন।<br>(গ) মধ্য তাহিরপুর সার্কেল অফিসের সামনের রাস্তায় আরসিসি দ্বারা উন্নয়ন। | ১০৫০০০০.০০ | ৯৯৭৫০০.০০ | টেন্ডার |
| ৪ | (ক) তরং সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে পাকা রাস্তার দক্ষিণ অংশ হতে তরং মসজিদ পর্যন্ত রাস্তা সিসি দ্বারা ঢালাই।<br>(খ) আনোয়ারপুর সিএন্ডবি রাস্তা হতে মালেক মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা পাকাকরন।<br>(গ) আনোয়ারপুর সিএন্ডবি রাস্তা হতে ঝন্টু বাবুর বাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা পাকাকরন। | ১২০০০০০.০০ | ১১৪০০০০.০০ | টেন্ডার |
| ৫ | ক) বাগলী মেইন রোড হতে বিরেন্দ্র নগর সঃপ্রাঃ বিঃ উত্তর পাশ পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন।<br>(খ) জঙ্গলবাড়ি মেইন রোড হতে- কলাগাও বাগলী নিম্ন মাধ্যমিক স্কুলের মোড় পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন। | ১০০০০০০.০০ | ৯৫০০০০.০০ | টেন্ডার |
| | সর্বমোট= | ৭২৫০০০০.০০ | ৬৮৮৭৫০০.০০ | |

মোঃ ইকবাল কবীর
উপজেলা প্রকৌশলী
তাহিরপুর, সুনামগঞ্জ

উপজেলা নির্বাহী অফিসার
তাহিরপুর, সুনামগঞ্জ।

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ

CamScanner

চেয়ারম্যান পরিষদের মাসিক সভার হাজিরা সভার তারিখ: ০১/০২/২০২২, সময়: ১২.০০টা
সভাপতি: জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল চেয়ারম্যান উপজেলা পরিষদ নাসিরনগর স্থান:—

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর | ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল | চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাসিরনগর | [signature] | ১০ | কমল চন্দ্র দেবনাথ | ADSEO | [signature] ০১/০২/২০২২ |
| ০২ | জনাব [illegible] মিয়া | উপজেলা নির্বাহী অফিসার নাসিরনগর | | ১১ | মনোলাল রায় | UCO (ABAK) | [signature] ০১/০২/২২ |
| ০৩ | জনাব সিরাজ উদ্দিন | ভাইস চেয়ারম্যান | [signature] | ১২ | মো: জসিম উদ্দিন | UFPO | [signature] ০১/০২/২০২২ |
| ০৪ | জনাব [illegible] | মহিলা ভাইস চেয়ারম্যান | | ১৩ | মো: মোহাম্মদ মিয়া | LEO | [signature] |
| ০৫ | জনাব [illegible] উদ্দিন | চেয়ারম্যান [illegible] ইউনিয়ন | [signature] | ১৪ | মোহাম্মদ আবুল [illegible] | AUEO | [signature] ০১/০২/২০২২ |
| ০৬ | মো: হাসান-উল-হোসেন | উপজেলা কৃষি অফিসার নাসিরনগর | [signature] ০১/০২/২০২২ | ১৫ | আবদুল মজিদ | SAE | [signature] ০১.০২.২০২২ |
| ০৭ | মো: ইমরান কবীর | উপজেলা প্রকৌশলী | [signature] | ১৬ | সুব্রত দাস | SAE | [signature] 31.01.2021 |
| ০৮ | মোহাম্মদ ইকবাল হোসেন ভূঁইয়া | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | [signature] | ১৭ | জনাব আব্দুল কাদের | চেয়ারম্যান [illegible] ইউপি | [signature] |
| ০৯ | মো: [illegible] | UWAO | [signature] | ১৮ | জনাব আসলাম [illegible] | [illegible] | [signature] ০১/০২/২০২২ইং |

| | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৮ | জনাব আব্দুস্সালাম | চেয়ারম্যান বালিয়াডাঙ্গী | [signature] |
| ১৯ | জনাব আব্দুর রহিম আলী | " [illegible] ইউ.পি. | [signature] |
| ২০. | তৌহিদুল আহমেদ | উপজেলা সমাজসেবা অফিসার | [signature] |
| ২১ | ডা: উত্তম কুমার সরকার | ULO | [signature] |
| ২২ | মো: মিজানুর রহমান | উপজেলা [illegible] | [signature] |
| | | | |
| | | | |
| | | | |